মেহেরপুরে সদর ও মুজিবনগরে চেয়ারম্যান পদে ৯ জনসহ ১৮ প্রার্থী

৬ষ্ঠ উপজেলা পরিষদ পরিষদের নির্বাচনের প্রথম ধাপে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দীতা করার লক্ষে চেয়ারম্যান পদে ৯ জন, ভাইস চেয়ারম্যান পদে ৪ জন এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে এক বিএনপি নেত্রীসহ ৫ জন মনোনয়ন জমা দিয়েছেন।

এছাড়া চেয়ারম্যান পদে একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান থেকে পদত্যাগ করে উপজেলায় চেয়ারম্যান পদে প্রার্থী হয়েছেন। গতকাল সোমবার মনোনয়ন জমা দেওয়ার শেষ দিনে প্রার্থীরা তাদের মনোনয়ন জমা দেন।

মেহেরপুর সদর উপজেলা পরিষদে চেয়ারম্যান পদে জমা দিয়েছেন ৫ জন। তারা হলেন, জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান ছোটো, যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহীম শাহিন, সাংগঠনিক সম্পাদক আনারুল ইসলাম, জেলা যুবলীগের সাবেক যুগ্ম সম্পাদক নিশান সাবের ও শ্রমিক লীগ নেতা হাশেম আলী। ভাইস চেয়ারম্যান পদে আবুল হাশেম ও মো: শাহিন এবং ভাইস চেয়ারম্যান পদে জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, যুব মহিলা লীগ নেত্রী সামিউন বাশিরা পলি ও লতিফুন নেছা।

মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়নের পদত্যাগী চেয়ারম্যান আমাম হোসেন মিলু, উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু ও মাহবুবুর রহমান।

ভাইস চেয়ারম্যান পদে বিএম জাহিদ হাসান ও মতিউর রহমান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপজেলা যুবমহিলা লীগের সাধারণ সম্পাদিকা মোছা: তকলিমা ও আফরোজা খাতুন।

এর আগে মহাজনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আমাম হোসেন মিলু মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের কাছে তার পদত্যাগ পত্র জমা দেন। এবং এরপরই উপজেলা নির্বাহী অফিসার ওই পদটি শুণ্য ঘোষণা করেন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মো: ওয়ালিউল্লাহ এসকল তথ্য নিশ্চিত করেছেন।

মুজিবনগরে ডাচ্-বাংলা এজেন্ট ব্যাংকের ম্যানেজারকে অজ্ঞান করে টাকা লুট

মুজিবনগরে দিনে দুপুরে ডাচ বাংলা এজেন্ট ব্যাংকের ম্যানেজার কে অজ্ঞান করে টাকাপয়সা লুট করা হয়েছে।

ব্যাংকের এজেন্ট বিপ্লব জানান,আজ সোমবার দুপুরে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের গলাকাটার মোড় সংলগ্ন (মেসার্স বিপ্লব এন্টারপ্রাইজ) এর পরিচালিত ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং শাখার ম্যানেজার শিবপুর গ্রামের রাহিদুল শেখ এর ছেলে মোহাম্মদ সাগর শেখ (২৭) কে বা কাহারা ব্যাংকের মধ্যে অজ্ঞান করে ব্যাংকের টাকা পয়সা নিয়ে চলে যায়।

অজ্ঞান করার পূর্বে উক্ত ব্যাংকের Wi-Fi লাইন বিচ্ছিন্ন করে। কিছুক্ষণ পর আশপাশের লোকজন সাগরকে ব্যাংকের মধ্যে অচেতন অবস্থায় দেখে উদ্ধারপূর্বক মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসেন। বর্তমান ম্যানেজার সাগর স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি আছে এবং সকলকে তাকিয়ে দেখছেন কিন্তু কথা বলতে পারছেন না। কথা বলতে না পারার কারণে কত টাকা ডাকাতি হয়েছে এই মুহূর্তে জানানো সম্ভব হচ্ছে না ব্যাংকের ম্যানেজার সাগর শেখ কথা বলা মত অবস্থায় আসলে টাকার পরিমাণটা জানা যাবে।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত জানান, ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছিল যেহেতু ব্যাংকের ম্যানেজার অজ্ঞান অবস্থায় আছে এজন্য প্রকৃত ঘটনা সম্পর্কে আমরা জানতে পারি নাই। তবে আমরা প্রাথমিক তদন্তে যেটুকু জানতে পেরেছি এটা কোন ডাকাতির ঘটনা না ব্যাঙ্ক বন্ধ করার আগ মুহূর্তে দুইজন ব্যক্তি ব্যাংকে প্রবেশ করে তারা বের হয়ে যাওয়ার পরপরই ব্যাংকের

ম্যানেজারের অসুস্থ বোধ করে এবং অজ্ঞান হয়ে যায়। টাকা পয়সা লুট হয়েছে কিনা সেটি এখন বলা যাচ্ছে না। সে কথা বলার মত অবস্থায় আসলে ই প্রকৃত ঘটনা সম্পর্কে জানা যাবে এ বিষয়ে পুলিশ তৎপর রয়েছে।

গাংনীতে বয়স্ক পুনর্বাসন আশ্রয় কেন্দ্রের শুভ উদ্বোধন

গাংনী থানা রোডে উদ্বোধন করা হলো আশ্রয় নামের বয়স্ক সেবা ও এতিম পুনর্বাসন কেন্দ্র। আজ সোমবার দুপুরে আশ্রয় কেন্দ্রের সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে এবং বিশিষ্ট ইট ভাটা ব্যবসায়ী হাজী এনামুল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন মেহেরপুর ২ ( গাংনী) আসনের সংসদ সদস্য এ এস এম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পৌরসভার মেয়র আহম্মেদ আলী, সহকারী কমিশনার ভুমি নাদির হোসেন শামীম, গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, কুষ্টিয়া সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক আখতার হোসেন, গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের সভাপতি হাজী মহসিন আলী ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের সভাপতি হাজী মহসিন আলী, বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আশ্রয় বয়স্ক সেবা ও এতিম পুনর্বাসন কেন্দ্রের প্রতিষ্ঠাতা আজিজুল হক রানু।

অনুষ্ঠানে পবিত্র কুরআন তেলাওয়াত করেন গাংনী মাদ্রাসা মসজিদের পেশ ইমাম মাওলানা খালেদ সাইফুল্লাহ। অনুষ্ঠানের সভাপতি সিরাজুল ইসলাম আশ্রয় গঠনের উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে বিস্তারিত

আলোচনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর বলেন, প্রবীনরা আমাদের সম্পদ তাদের জন্য যার যার অবস্থান থেকে সহযোগিতা করতে হবে। প্রবীনদের সাথে সবসময় কথা বলা, তাদের পাশে থাকা তাদের জন্য কাজ করার আহবান জানান। তিনি সকলকে এই প্রতিষ্ঠানটিতে টিকে রাখার জন্য সকলের অংশগ্রহণ থাকতে হবে সবাইকে এগিয়ে আসতে হবে। আধুনিক, মানসম্মত ও যুগোপযোগী এবং স্মার্ট সেবা যাতে তারা পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি গাংনীর এই প্রতিষ্ঠানটিকে নিজেদের মনে করে সহযোগিতার আহবান জানান। যাদের পরিবারের প্রবীন ব্যাক্তিরা অবহেলার স্বীকার হচ্ছেন তাদের পরিবারে কাউন্সিলর করে প্রবীনদের ভাল রাখতে হবে। তিনি আশ্রয় এর সাথে সংশ্লিষ্ট সবাইকে এমন মানবিক ও সমাজ কল্যাণমুলক কাজের জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

মুজিবনগর দিবস উপলক্ষে চলছে শেষ মূহুর্তের প্রস্তুতি

আগামী ১৭ই এপ্রিল বুধবার ঐতিহাসিক মুজিবনগর দিবস। ১৯৭১ সালের এইদিনে বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করেন মেহেরপুরের মুজিবনগর উপজেলার তৎকালিন বৈদ্যনাথ তলার আম্রকাননে।

দিবসটির স্মরণে স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের পর সকাল ন’টায় জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হবে নানা কর্মসূচি। পতাকা উত্তোলন শেষে শেখ হাসিনা মঞ্চে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভায় অংশ নেবেন আওয়মী লীগের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ, মন্ত্রী বর্গ ও স্থানীয় নেতাকর্মীরা। এরই মধ্যে জেলা প্রশাসন ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে চলছে শেষ মূহুর্তের প্রস্তুতি। ইতিমধ্যেই মুজিবনগর স্মৃতিসৌধ, বিভিন্ন মুরাল ধুয়া মোছাসহ বিভিন্ন জায়গা পরিষ্কার পরিছন্ন ও রং করার কাজ চলছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম বলেন, সারা দেশের বিভিন্ন প্রান্ত থেকে বীর মুক্তিযোদ্ধা, মাননীয় মন্ত্রীবর্গসহ আগতদের বরণ করতে আমরা বড় ধরনের প্রস্তুতি গ্রহন

করেছি। পরিস্কার পরিচ্ছন্ন, বিভিন্ন মুর্যাল ও স্থাপনায় রং করাসহ সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। নিরিবিচ্ছন্ন বিদ্যুৎ, সুপেয় পানি ও পর্যাপ্ত অস্থায়ী টয়লেটের ব্যবস্থা করা হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার এস এম নাজমুল হক বলেন, ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে জেলার নিরাপত্তা ও শৃংখলা রক্ষায় জেলা পুলিশ সামগ্রিক কর্মসূচি গ্রহণ করেছে। মুজিবনগরের মূল মঞ্চের বিভিন্ন স্থলে ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হবে। আগতদের তৎক্ষনিক নিরাপত্তা দেবার জন্য পুলিশ কন্টলরুম স্থাপন করা হয়েছে। ট্রাফিক ব্যবস্থা জোরদার করা হয়েছে। ঐতিহাসিক মুজিবনগর দিবস যাতে সকলে আনন্দের সাথে পালন করতে পারে সেই লক্ষে আমরা কাজ করছি।

জেলা আওয়ামীলীগ থেকেও নেয়া হয়েছে ব্যাপক প্রস্তুতি। মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি জানান, যথাযত মর্যাদায় দিবসটি পালন করার জন্য আমরা প্রস্তুত। গত কয়েক বছর করোনা মহামারির ও রমজানের কারনে আমরা সংক্ষিপ্ত পরিসরে দিবস পালন করেছিলাম। কিন্তু এবার অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে দিবস পালনের উদ্যোগ গ্রহন করেছি।

মুজিবনগর দিবসের অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক আ ক ম বাহা উদ্দিন নাসিম, প্রধান অতিথি হিসেবে থাকবেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মন্ডলির সদস্য কাজী জাফর উল্লাহ।

বিশেষ অতিথি থাকবেন প্রথম সরকারের প্রধান মন্ত্রী তাজ উদ্দিন আহমেদের কণ্যা মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী সিমিন হোসেন রিমি, বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুবুল আলম হানিফ এমপি, সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন এমপি, অ্যাড. আফজাল হোসেন এমপি। অনুষ্ঠানটি সঞ্চালনা করবেন বাংলাদেশ আওয়ামী লীগের সংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক। মুক্তিযোদ্ধা মন্ত্রনালয়ের উদ্যোগে সন্ধায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

গাংনীতে মাই টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গাংনীতে আলোচনা সভা ও কেক কেটে বেসরকারি টিভি চ্যানেল মাই টিভির ১৫ তম প্রতিবার্ষিকী উৎযাপন করা হয়েছে।

মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানা।

এসময় উপস্থিত ছিলেন, সাংস্কৃতিক কর্মী মজিবুর রহমান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এমএন পাভেল, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল ইসলাম সাজু, হারুন অর রশিদ রবি, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, রকিবুল ইসলাম কবি, বদরুদ্দোজা লাল্টু, সাঈদ হোসেন, বিল্লাল হোসেন প্রমুখ। পরে কেক কাটা হয়।

মেহেরপুরে গলাই ফাঁশ দিয়ে

বৃদ্ধের আত্ম*হ*ত্যা

পেটে আলসারের যন্ত্রণা সহ্য করতে না পেরে মন্টু মিয়া (৭০) নামের এক বৃদ্ধ গলাই ফাঁশ লাগিয়ে আত্মহত্যা করেছেন। মন্টু মিয়া গাংনী উপজেলার গোপালনগর গ্রামের চাতরপাড়া এলাকার মৃত হোসেন মিয়ার ছেলে।

গতকাল রবিবার (১৪ এপ্রিল) দিবাগত মধ্যরাতে নিজ ঘরের আড়ার সাথে গলাই ফাঁশ দিয়ে আত্মহত্যা করেন তিনি।

গাংনী থানার এলাঙ্গী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক এসআই (নি:) রেজাউল করিম বলেন, পারিবারিক সূত্রে জানা গেছে, মন্টু মিয়া দীর্ঘদিন যাবৎ আলসার রোগে ভুগছিলেন। পেটের যন্ত্রণা সইতে না পেরে আত্মহত্যা করেছেন।

মন্টু মিয়ার মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। এই ঘটনায় গাংনী থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ১৪।

আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যলয়ে ১৭ এপ্রিল মুজিবনগর দিবস উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রস্তুতি সভায় আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান মরহুম বোরহান উদ্দিনের জেষ্ঠ পুত্র মো: সেলিম রেজা।

প্রধান অতিথি সেলিম রেজা, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনোয়ার সাদা, ইউনিয়ন আওয়ামী লীগের সভা সভাপতি জাকির হোসেন টলি, ইউনিয়ন স্বেচ্ছাসেবকের সভাপতি মিনারুল ইসলাম, মৃত বোরহান উদ্দিন

চেয়ারম্যান এর জন্য ১ মিনিট নিরবতা পালন করে অনুষ্ঠান শুরু করেন।

ইউনিয়ন আওয়ামী লীগ, ওয়ার্ড আওয়ামী লীগ ও ইউনিয়ন কৃষক লীগের সভাপতি-সাধারন সম্পাদক, স্বেচ্ছাসেবকের সভাপতি-সাধারন সম্পাদক ও ওয়ার্ডের সভাপতি-সাধারন সম্পাদক প্রধান অতিথি মতবিনিময় করেন।

মুজিবনগর দিবস উপলক্ষে প্রধান অতিথি বলেন আমাদের বর্তমান সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ যে ভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে। আমরা শেখ হাসিনা এবং জাতির পিতা বঙ্গবন্ধুর দেখানো পথ ধরেই আমরা এগিয়ে যাবো। এবং আমার আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের অঙ্গ সংগঠন সহ মুজিবনগর দিবসে এক সাথে যাবো।

মুজিবনগর দিবস উপলক্ষে বক্তব্য রাখেন ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনারুল ইসলাম, ৩ ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য মো: আব্বাস উদ্দিন, ৯ নং ওয়ার্ডের সভাপতি আব্দুল কাদের, ৮ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য মুশিউর রহমান ডাবলু, ৪ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য আলফাজ হোসেন, ৪নং ওয়ার্ডের সভাপতি আসাদুল হক মন্টু, ৬ নং ওয়ার্ডের সাধারন সম্পাদক শাফায়ত হোসেন, ৫ নং ওয়ার্ডের সাধারন সম্পাদক শহিদ।

মশিউর রহমান ডাবলু সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন ইউপি সদস্য আবুল কাসেম, ৭ নং ওয়ার্ডের উহাই দুল রহমান বল্টু।

মেহেরপুরে অরণি থিয়েটারের আয়োজন পহেলা বৈশাখ পালন

মেহেরপুরে অরণি চিলড্রেনস থিয়েটারের আয়োজন পহেলা বৈশাখ উদযাপন উপলক্ষে “অরণির বৈশাখ ১৪৩১” অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালে শিল্পকলা একাডেমি চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে সড়ক প্রদক্ষিণ করে আবার অরণি থিয়েটার কার্যালয়ে এসে শেষ হয়।

এসময় হাফিজ শিশিরের সূত্রে অংশ নেয় মাহামুদা রুহি, ফারজানা করিম

অর্পিতা, রাহিম সাবের, রাইসুল ইসলাম অনিক, মুস্তাহিদুর রিসাত, অর্ঘ, সাবা সাবের তরি, সাব্বির সোহাগ, আতিক স্বপন, রাজিয়া সুলতানা টনি, রুবেল, মফিজুর রহমান মিঠু, শেখ মমিন, নুসরাত তিথি, মৌপাল, ননী গোপাল সাহা, সাঈদ হোসেন, উজ্জল খান, শাহরিয়ার উজ্জল, নিশান সাবের সহ অরণির বন্ধুরা উপস্থিত ছিলেন।

পরে সেখানে পান্তা খাওয়ানোর ও ছোট্ট সাংস্কৃতিক পর্ব স্মৃতি রোমন্থন করে অরণি চিলড্রেনস থিয়েটার পরিবারের সদস্যরা।

মেহেরপুরে পাখিভ্যানের সাথে মোটরসাইকেলের ধাক্কা নিহত ১

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও পাখি ভ্যানের মুখোমুখি সংঘর্ষে স্বামী হেলাল উদ্দিন (২৬) নিহত হয়েছেন। আহত হয়েছেন তার স্ত্রী ও শ্যালক।

আহতরা হলেন, হেলাল উদ্দিনের স্ত্রী জুই খাতুন ও শ্যালক জীবন আলী।

নিহত হেলাল উদ্দিন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার মোড়ভাঙ্গা গ্রামের বাসিন্দা ও গাংনী উপজেলার আকুবপুর গ্রামের আব্দুল জলিলের জামাতা।

আজ রবিবার (১৪ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ৮টার সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহত হেলালের চাচা শ্বশুর জিয়াউদ্দিন বলেন, হেলাল উদ্দিন তার স্ত্রী জুই ও শ্যালক জীবন আলী শ্বশুরবাড়ি খেয়ে এক মোটরসাইকেলে তিনজন তার নিজ গ্রামে মোড়ভাঙ্গাতে যাচ্ছিলেন। শুকুরকান্দি নামক স্থানে গিয়ে বামের রাস্তার নামার সময় ইঞ্জিন চালিত পাখি ভ্যানের সাথে ধাক্কা খেয়ে রাস্তার উপর লুটিয়ে পড়ে ঘটনাস্থলেই মারা যায় হেলাল উদ্দিন। এসময় গুরুতর আহত হন তার স্ত্রী জুই ও শ্যালক জিবন আলী। তাদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়েছেন।

গাংনী থানার (তদন্ত) অফিসার মনোজিৎ কুমার নন্দী বলেন, দুর্ঘটনার সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এখনো লিখিত কোনো অভিযোগ পাওয়া যায়নি। নিহতের মরদেহ উদ্ধার প্রক্রিয়া চলছে। পরবরর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীর সাহারবাটীতে নানা আয়োজনে বর্ষবরণ উৎসব পালিত

গাংনীর সাহারবাটীতে যথাযোগ্য মর্যাদায় ও আনন্দঘন পরিবেশে বর্ষবরণ উৎসব-১৪৩১ উদযাপিত করা হয়েছে। বর্ষবরণ উৎসব উপলক্ষে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও লাঠি খেলার আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (১৪ এপ্রিল) সকালে সাহারবাটী ইউথ ক্লাবের উদ্যোগে ১৪৩১ সন উদযাপন পরিষদ সাহারবাটী এর আয়োজনে সাহারবাটী ইউথ ক্লাব প্রাঙ্গণে এ সকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন সাহারবাটী ইউথ ক্লাবের সভাপতি মোঃ লিয়াকত আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনে সংসদ সদস্য ডা. এ এস এম নাজমুল হক সাগর।

দুই দিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্ধোধন করেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম।

আলোচক হিসেবে বক্তব্য রাখেন বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রাপ্ত রফিকুল রশিদ ও মেহেরপুর সরকারী কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্যানেল চেয়ারম্যান তৌহিদুল মুর্শেদ অতুলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর মেয়র আহম্মদ আলী, গাংনী উপজেলা পরিষদের প্রাক্তন চেয়ারম্যান অ্যাড. এ কে এম শফিকুল আলম, সাহারবাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ

মশিউর রহমান,কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা, তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রাজ্জাক, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ গোলাম সাকলায়েন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ওবায়দুর রহমান কমল, জেলা পরিষদের সদস্য মোঃ মিজানুর রহমান ও গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

এছাড়াও এসময় সম্মানিত অতিথি হিসেবে সাহারবাটী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোঃ আব্দুল গণি ও সাহারবাটী ইউথ ক্লাবের সাবেক সভাপতি মোঃ আবুল কাশেম, উদযাপন পরিষদের আহ্বায়ক আনারুল ইসলাম ও সদস্য সচিব আব্বাস আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা পরে সেখানে ঐতিহ্যবাহী চিরা,মুরকি, দই খাওয়ার ব্যবস্থা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ও লাঠি খেলের আয়োজন করা হয়।

এর আগে একটা শোভাযাত্রা বের করা করা।শোভাযাত্রাটি সাহারবাটী ইউথ ক্লাবের সামনে থেকে শুরু করে প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। শোভাযাত্রায় বিভিন্ন সামাজিক সংগঠন,শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার জনগণ অংশ নেন।